গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০১১.০১৮.১৮-৩০১

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১।
০৬ মে ২০২৪।

**বিষয়: মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮২২১/২০১৪ এর ০৯ মার্চ ২০১৫ তারিখের রায়/আদেশ অনুযায়ী কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগ/আত্মীকরণ না করার বিষয়টি অবহিতকরণ।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের আইন-২ শাখার স্মারক নং-৮৬ ও ৮৭; তারিখ: ০৪ এপ্রিল ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সুত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ১৪ আগস্ট ২০১৪ তারিখে ৭৫১ নং স্মারকে প্রতিটি উপজেলা পরিষদের ০২ (দুই) জন অফিস সহায়ক (এমএলএসএস) নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে বিভিন্ন উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত ১২০ (একশত বিশ) জন অফিস সহায়ক মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮২২১/২০১৪ দায়ের করেন। পরবর্তীতে বর্ণিত রিট মামলায় আপনি পক্ষভুক্ত হন। মাননীয় আদালত ০৯ মার্চ ২০১৫ তারিখ বর্ণিত রিট মামলায় নিম্নরূপ রায়/আদেশ প্রদান করেন:

> The respondents are directed to absorb/regularize/confirm the petitioners in their respective/equivalent posts in the revenue budget with continuity of service in accordance with law under the Ministry of Local Government. Rural Development and Co-Operative, Local Government Divison within 2 (two) months, from the date of receipt a copy of this judgment on being satisfied they are otherwise not disqualified.

২। পরবর্তীতে রিট পিটিশন নং-৮২২১/২০১৪, ১৩৭০/২০১৫, ১৩৮১/২০১৫ ও ১৩৮২/২০১৫ এর লিভ টু আপিল পিটিশন নং-৩২০৫-৩২০৮/২০১৫ থেকে উদ্ভুত রিভিউ পিটিশন নং-১২৯/২০১৭ এর রায়েও হাইকোর্ট বিভাগের রায় বহাল থাকে। কিন্তু আপনার পক্ষে উক্ত রায়/আদেশ বাস্তবায়ন না করায় আপনি কনটেম্পট মামলা নং-৫১৭/২০২০ দায়ের করেন।

৩। মাননীয় হাইকোর্ট বিভাগের রায়/আদেশ অনুযায়ী কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে আপনাকে নিম্নোক্ত কারণে উক্ত রায়/আদেশ বাস্তবায়ন করা সম্ভব হয়নি:

(ক) নিয়োগ পরীক্ষায় আবেদন করেননি;
(খ) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করেননি;
(গ) নিয়োগের শর্তানুযায়ী বয়স ৩০ (ত্রিশ) বছর অতিক্রম হয়েছে (২০১৫ সালে ৩৩ বছর);
(ঘ) উপজেলা পরিষদের সাংগঠনিক কাঠামো অনুযায়ী অফিস সহায়কের ২ টি পদ রয়েছে; এবং
(ঙ) **জনাব মো: মিজানুর রাহমান ও জনাব মো: নওশাদ আলী-কে** ১২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অফিস সহায়ক পদে নিয়োগ প্রদান করা হয় এবং বর্তমানে কর্মরত রয়েছে।

৪। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮২২১/২০১৪ এ ০৯ মার্চ ২০১৫ তারিখের রায়/আদেশ অনুযায়ী আপনাকে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগ প্রদানের সুযোগ নেই। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

০৬.০৫.২০২৪
(ড. মাসুরা বেগম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

জনাব মো: মাসুম আলী
পিতা- মো: মাহবুবুর রহমান
গ্রাম: শেরকান্দি, কুমারখালী, কুষ্টিয়া।

অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। বিভাগীয় কমিশনার, খুলনা।
২। যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬। উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

Office Shayak Writ Letter-140